

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদফতর

'ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান' শীর্ষক
কর্মসূচি

ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.dss.gov.bd

স্মারক নং: ৪১.০১.০০০০.০৯৯.১৮.০৮৮.২৩.৩০৯

তারিখ: ২৩/০১/২০২৩খ্রি।

দৈনিক মজুরি ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত 'ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান' শীর্ষক কর্মসূচির আওতায় ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও ময়মনসিংহ এই চারটি জেলার সরকারি আশ্রয়কেন্দ্রসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র কর্মসূচি চলাকালীন/কর্তৃপক্ষের নির্দেশিত সময়ের জন্য নিম্নবর্ণিত পদসমূহে দৈনিক মজুরী ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ করা হবে। দৈনিক মজুরী ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী অর্থাৎ 'কাজ নাই মজুরি নাই' ভিত্তিতে কাজ করতে আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | কর্মসূচি (সরকারী আশ্রয়কেন্দ্র) | বেতন/মজুরি |
|---------|--|-------------|--------------|---|---------------------------------------|---|
| ১. | প্যারামেডিক্স | ২ | | ক) ডিপ্লোমা ইন মেডিক্যাল ফ্যাকাল্টি (DMF) বা মেডিকেল এসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল পাশ হতে হবে; খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ঢাকা, গাজীপুর | |
| ২. | প্রশিক্ষক (ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন) | ১ | | ক) ডিপ্লোমা ইন ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন পাশ হতে হবে। অথবা; খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরিষ্কায় উত্তীর্ণ। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে নূন্যতম ০৬ মাসের ট্রেড কোর্স সম্পূর্ণ এবং সনদধারী। | ময়মনসিংহ | |
| ৩. | প্রশিক্ষক (কেয়ারগিভিং) | ২ | | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরিষ্কায় উত্তীর্ণ; এবং খ) যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে নূন্যতম ০৬ মাসের ট্রেড কোর্স সম্পূর্ণ এবং সনদধারী। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। | গাজীপুর | সরকার কর্তৃক সর্বশেষ অনুমোদিত অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-৩ অধিশাখা এর স্মারক নম্বর- |
| ৪. | গানের শিক্ষক | ১ | ১৮-৩৫ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরিষ্কায় উত্তীর্ণ; খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। | গাজীপুর | ০৭.০০.০০০০.১৭৩.৬৬. ০৫৯. ১৫(অংশ-১)-৯৩, তারিখ: ১২/১০/২০২০ খ্রি। অনুযায়ী দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি এর পুনর্নির্ধারিত হার অনুযায়ী। |
| ৫. | অফিস সহায়ক | ১ | | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরিষ্কায় উত্তীর্ণ; খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | নারায়ণগঞ্জ | |
| ৬. | গার্ড | ১ | | ক) অষ্টম শ্রেণী পাশ; খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ময়মনসিংহ | |
| ৭. | বাবুচি | ৩ | | ক) অষ্টম শ্রেণী পাশ; খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। | গাজীপুর | |
| ৮. | আয়া | ১ | | ক) অষ্টম শ্রেণী পাশ; খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। | গাজীপুর | |
| ৯. | সুইপার/পরিচ্ছন্নতাকর্মী | ১ | | ক) অষ্টম শ্রেণী পাশ; খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ময়মনসিংহ | |
| মোট= | | ১৩ | | | | |

৪

আবেদন ও নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী:

- ১। আগ্রহী প্রার্থীকে আগস্ট ০৯/০২/২০২৩ তারিখের মধ্যে (প্রার্থীর নাম, পিতার নাম, স্থায়ী ও অস্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতাসহ) আবেদনপত্র কর্মসূচি পরিচালক, 'ভিক্ষাকৃতিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান শীর্ষক কর্মসূচি, সমাজসেবা অধিদফতর (৯ম তলা), আগারগাঁও, ঢাকা বরাবর দাখিল করতে হবে।
- ২। আবেদনের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ২কপি রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের পরিষ্কার ফটোকপি পাঠাতে হবে এবং খামের গায়ে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৩। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক কেবল মাত্র যোগ্য প্রার্থীরা লিখিত/মৌখিক পরীক্ষা অংশগ্রহণ করার সুযোগ পাবেন।
- ৪। এ নিয়োগ সম্পূর্ণস্বরূপ অস্থায়ী, দৈনিক মজুরি ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না। নিয়োগ প্রাপ্তির পর প্রার্থী স্থায়ীকরণ কিংবা এবিষয়ে বিজ্ঞ আদালতে কোন আবেদন দায়ের করতে পারবেন না।
- ৫। ৯/০২/২০২৩ তারিখ, বিকাল ৪.০০ ঘটিকার পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। নিয়োগ প্রাপ্তিগণকে পদের পাশে বর্ণিত জেলায় সরকারি আশ্রয়কেন্দ্রে পদায়ন করা হবে, এক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই উল্লেখিত এলাকায় অবস্থান করে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ৭। সংশ্লিষ্ট জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৮। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৯। নিয়োগ, বাছাই, মূল্যায়ন ও বাতিল/প্রত্যাহারসহ সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও সম্পাদিত হবে।

২৩/০৮/২০২৩

মো: শাহ জাহান

কর্মসূচি পরিচালক

সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা-১২০৭